HIGH COMMISSION FOR THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CANBERRA

প্রেস রিলিজ

১৫ সেপ্টেম্বর, ২০২১

## বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে অস্ট্রেলিয়া-বাংলাদেশের মধ্যে টিফা (TIFA) চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের উপর একটি ফ্রেমওয়ার্ক ব্যবস্থা স্বাক্ষরিত হয়েছে। বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এবং অস্ট্রেলিয়ার বাণিজ্য, পর্যটন ও বিনিয়োগ মন্ত্রী ড্যান তেহান আজ এক ভার্চুয়াল অনুষ্ঠানে এটি স্বাক্ষর করেন।

গত পাঁচ দশকের মধ্যে অস্ট্রেলিয়া-বাংলাদেশের প্রথম প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক কাঠামো হল এই ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট বা টিফা যা দু'দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের নতুন সুযোগ উম্মোচনের একটি প্লাটফর্ম রূপে কাজ করবে বলে আশা করা হচ্ছে। টিফা'র অধীনে একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হবে যাতে দু'দেশের সংশ্লিষ্ট সেক্টর ও সাব-সেক্টরের যথাযথ প্রতিনিধিত্ব থাকবে এবং বাণিজ্য ও বিনিয়োগের পূর্ণ  সম্ভাবনা অর্জন করার জন্য আলোচনা এগিয়ে নিতে মূখ্য ভূমিকা রাখবে।


চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বক্তৃতাকালে বাণিজ্যমন্ত্রী বলেন আমি অত্যন্ত খুশী যে বাংলাদেশ এমন একটি সময়  অস্ট্রেলিয়ার সাথে টিফা স্বাক্ষর করল যখন বাংলাদেশ তার স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন করছে। তিনি আরো বলেন যে আমরা আশা করবো এই ফ্রেমওয়ার্ক  বাংলাদেশের এলডিসি থেকে উত্তরণ পরবর্তী সময়ে শুল্ক মুক্ত ও কোটা মুক্ত (DFQF) সুবিধা ধরে রাখা, বাণিজ্য উদারীকরণ এবং বাণিজ্য ও বিনিয়োগের প্রবাহ বৃদ্ধির অনুকূল পরিবেশ সৃষ্টি সহ সকল প্রাসঙ্গিক বিষয় নিয়ে কাজ করবে। তিনি অস্ট্রেলিয়ান মন্ত্রী তেহানকে অতিসত্বর বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

এই আমন্ত্রণ সাদরে গ্রহণ করে অস্ট্রেলিয়ান মন্ত্রী তেহান বলেন তিনি উপযুক্ত বাণিজ্য ও বিনিয়োগ প্রতিনিধিদল নিয়ে আগামী বছর সুবিধাজনক সময়ে বাংলাদেশ যাবেন। তিনি বলেন অস্ট্রেলিয়ার বর্তমান সরকার বাংলাদেশের সাথে বাণিজ্য এবং বিনিয়োগের প্রসার এবং তা অধিকতর গতিশীল করতে কাজ করে যাচ্ছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি এই ধরণের অর্থনৈতিক কাঠামোর মধ্য দিয়ে আমরা আমাদের উভয় দেশে কর্মসংস্থান ও বাণিজ্যের সুযোগ সৃষ্টিতে আরো অবদান রাখতে পারব। তিনি আরো বলেন বাংলাদেশের ক্রমবর্ধমান শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং জ্বালানি চাহিদা পূরণে অস্ট্রেলিয়ার সহযোগিতা করার সুযোগ রয়েছে। তিনি অস্ট্রেলিয়ার বাজারে বাংলাদেশি পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার বহাল রাখার বিষয়ে আশ্বাস প্রদান করেন। অস্ট্রেলিয়া কৃষি ও অবকাঠামো উন্নয়নে বিশ্বমানের দক্ষতা প্রদান করে থাকে যা থেকে বাংলাদেশও প্রয়োজনীয় সহযোগিতা  গ্রহণ করতে পারবে।

এখানে উল্লেখ্য যে বাংলাদেশ-অস্ট্রেলিয়ার দ্বি-পাক্ষিক বাণিজ্য গত দশকে প্রায় ছয়গুণ বেড়ে গত বছরে ২.৬ বিলিয়ন অস্ট্রেলিয়ান ডলারে পৌঁছেছে। আইনগত বাধ্যবাধকতা না থাকলেও টিফা উভয় দেশ থেকে নতুন পণ্যের  বাণিজ্যিক ক্ষেত্র সৃষ্টি এবং দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সহজ করতে সহায়তা করবে। টিফা কাঠামোর মাধ্যমে তৈরী পোশাক, কৃষিপণ্য, বিদ্যুৎ ও জ্বালানি, তথ্য ও প্রযুক্তি, দক্ষতা উন্নয়ন ও শিক্ষা সেবা ছাড়াও উভয় পক্ষের মধ্যে সমঝোতার ভিত্তিতে সব ধরণের বাণিজ্য ও বিনিয়োগ নিয়ে আলোচনার সুযোগ থাকবে। এই টিফার আওতায় অস্ট্রেলিয়া যৌথ ওয়ার্কিং গ্রুপের উদ্বোধনী সভা ২০২২ এর প্রারম্ভে আয়োজনের প্রস্তাব করেছে।

অনুষ্ঠানে অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশের হাইকমিশনার সুফিউর রহমান এবং বাংলাদেশস্থ অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরিমি ক্রুয়ার বক্তব্য রাখেন। এসময় বাংলাদেশের হাইকমিশনার বলেন  বাংলাদেশ ও এর আশেপাশের দক্ষিণ এশিয়ার স্থল বেষ্টিত অঞ্চলে ৩০০ মিলিয়ন জনগণের বাজারে প্রবেশের জন্য অস্ট্রেলিয়া বাংলাদেশকে প্রবেশ পথ হিসেবে ব্যবহার  করতে পারে। তিনি আরো বলেন বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল সমূহে অস্ট্রেলিয়া যেমন বিনিয়োগ করতে পারে তেমনি অস্ট্রেলিয়ার শিল্পজাত পণ্যের সরবরাহকারী দেশ হিসেবে বাংলাদেশকে বিবেচনা করতে পারে। ভার্চুয়াল এই স্বাক্ষর অনুষ্ঠানে বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষও উপস্থিত ছিলেন। এছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং দু'দেশের হাইকমিশনের কর্মকর্তাগণও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সংযুক্তিঃ অনুষ্ঠানের ছবি।




**Press Release**

**Bangladesh and Australia concluded a trade and investment framework**

15 September 2021: Commerce Minister Tipu Munshi and his counterpart Australian Minister for Trade, Tourism and Investment, Dan Tehan today signed a framework on trade and investment between Bangladesh and Australia at a virtual signing ceremony.

The Trade and Investment Framework Arrangement (TIFA), the first of this kind between Australia and Bangladesh in the last five decades, is expected to provide a platform for institutionalised economic interactions and to open newer opportunities for trade and investment between the two countries. A Joint Working Group will be formed under TIFA, with due representations from relevant sectors and sub-sectors. The JWG is expected to offer a mechanism to take forward discussion to realise fuller potentials of trade and investment.

While speaking at the signing ceremony, Minister Tipu Munshi said “I am profoundly happy that TIFA has been signed in the year while Bangladesh is celebrating Golden Jubilee of her Independence and the birth centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman”. We would expect the TIFA to address all relevant questions including retention of the DFQF treatment for Bangladesh in the post LDC graduation, trade liberalisation, creating conducive atmosphere for greater trade in services and flow of investment, he added. Minister Munshi invited his Australian counterpart to visit Dhaka soon.

Minister Tehan warmly accepted the invitation and promised to visit Bangladesh next year with a trade and Investment delegation. “The Morrison Government is working to energise and expand the trade and investment relationship between Australia and Bangladesh, to support jobs and business opportunities in both countries,” Mr Tehan said. He assured Bangladesh of the continuation of DFQF treatment pending next review which is not scheduled in the foreseeable future. “Australian has the potential to meet Bangladesh’s increasing education, training and energy needs. And we offer world class expertise, in agriculture and infrastructure development”, He added.

Bangladesh Australia bilateral trade has grown six times over the past decade, reaching A$2.6 billion last year. RMG, agriculture, food and education services were key drivers of this growth. Despite not being an elaborate and legally binding agreement, TIFA can help add new tradeable items from both sides and facilitate bilateral trade and investment. Australia proposed to host the inaugural meeting of the JWG in early 2022.

Bangladesh High Commissioner to Australia Sufiur Rahman and Australian High Commissioner to Bangladesh Jeremy Bruer also spoke at the event. High Commissioner Rahman said that Australia can utilise Bangladesh as one of its major suppliers of manufactured goods. “Australia can see Bangladesh as the entry point to the sub-regional market of over 300 million people”, he added.

The signing was witnessed by the Commerce Secretary, representatives from the two High Commissions, DFAT Australia, Ministry of Commerce and the Foreign Ministry.